



**Department of
Education**

Chancellor Richard A. Carranza

প্রিয় প্যারেন্ট বা অভিভাবক:

2017-2018 স্কুল বর্ষে, আপনার সন্তানকে পুনর্বাসন আইনের 504 নং ধারার আওতায় স্বাস্থ্য পরিষেবা (যেমন ঔষধ) অথবা বিশেষ সুবিধা প্রদান করা হয়েছিল। NYC শিক্ষা বিভাগের প্রতি স্কুল বর্ষে পরিষেবার একটি নতুন অনুমোদন প্রয়োজন হয়। নতুন অনুমোদন নিশ্চিত করে যে আপনার সন্তানের এখনও স্কুলে পরিষেবার প্রয়োজন আছে। এছাড়াও এটি নিশ্চিত করে যে আপনার সন্তান যথাযথ পরিষেবা গ্রহণ করছে। হালনাগাদকৃত ফরম থেকে স্কুলের নার্স আপনার সন্তানের ঔষধ বা চিকিৎসায় গত বছর স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসক কোনো পরিবর্তন এনেছেন কি না তা জানতে পারবেন। আপনার সন্তানকে যথাযথভাবে চিকিৎসা প্রদান করার জন্য তা স্কুলের নার্সের এই তথ্য জানা দরকার।

অনেক প্যারেন্ট তাদের সন্তানের বার্ষিক ক্যাম্প ও শারীরিক পরীক্ষা বছরের এই সময়ে করার পরিকল্পনা করে থাকেন। আমরা আপনাকেও আসন্ন স্কুল বর্ষের জন্য প্রস্তুত হতে উৎসাহ প্রদান করি। আপনার সন্তানের পরবর্তী পরিদর্শনে, আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারী চিকিৎসককে সংযুক্ত বিশেষ সুবিধা ফরমের প্রাসঙ্গিক অংশ পূরণ করতে বলুন। ঔষধ ফরমের উপরের বাম কোণায় একটি সাম্প্রতিক ছোট ছবি যুক্ত করুন। তাতে স্কুল আপনার সন্তানকে সঠিকভাবে শনাক্ত করতে পারবে।

যদি তা স্কুলের শেষ দিনের আগে হয়, ফরমটি আপনার সন্তানের স্কুল নার্সের কাছে নিয়ে আসুন। গ্রীষ্মকালে, ফরমটি মেইল করুন নিম্নোক্ত ঠিকানায়:

15 জুলাই 2018 এর মধ্যে পূরণকৃত ফরমটি জমা দিন। এটি নিশ্চিত করে যে নতুন স্কুল বর্ষের শুরুতেই আপনার সন্তান অনুমোদিত পরিষেবা গ্রহণ করবে।

আপনার বিশ্বস্ত,